# মূলনীতি

## আমরা যা বিশ্বাস করি

আমরা একটি আন্তর্জাতিক সম্প্রদায় যাদের একটি অভিন্ন মিশন বা লক্ষ্য হলো পুরুষ ও ছেলেশিশুদের সাথে কাজ এবং জেন্ডার ও সামাজিক ন্যায়বিচারের জন্য ক্ষতিকর ও কঠোর পুরুষতান্ত্রিক মতবাদকে চ্যালেঞ্জ করার মাধ্যমে পিতৃতান্ত্রিক ক্ষমতার অবসান ঘটানো। আমরা আমাদের মধ্যকার বৈচিত্র্যগুলি লালন করি এবং উপভোগ করি। আমাদের পটভূমি, বাস্তবতা, পদ্ধতি এবং প্রাসঙ্গিকতা ভিন্ন ভিন্ন বা বৈচিত্র্যময়। কিন্তু এখন আমরা যে বিশ্বকে দেখি, এবং আমরা যে বিশ্বকে কল্পনা করি সে সম্পর্কে আমরা একটি অভিন্ন বা সাধারণ ধারণা পোষণ করি।

আমাদের মূল নীতিগুলি এই অভিন্ন ধারণা বা বোঝাপড়ার ভিত্তি তৈরি করে। ব্যক্তি, সংস্থা এবং সমষ্টিগতভাবে এই মূলনীতিগুলি আমাদের বিশ্বাস ও মূল্যবোধকে দৃঢ় করে। এগুলি আমাদের উদ্যোগ বা প্রচেষ্টার পথনির্দেশ প্রদান করে। সবার জন্য জেন্ডার ন্যায়বিচার, সামাজিক ন্যায়বিচার ও মানবাধিকার প্রতিষ্ঠায় আমাদের কর্মকাণ্ডকে অনুপ্রাণিত করে। আর এগুলো এমন একটি বৈষম্য ও নিপীড়নমুক্ত বিশ্বের জন্য যেখানে সব মানুষ সমান।

এই মূলনীতিগুলি মেনএনগেজ অ্যালায়েন্সের জবাবদিহিতার মানদণ্ড (Accountability Standards) এবং আচরণবিধির (Code of Conduct) সাথে একসাথে মিলিয়ে দেখতে হবে।

## মূল নীতিসমূহ

### ১. আমাদের অবস্থান নারীর অধিকার এবং জেন্ডার ন্যায়বিচারের পক্ষে

**আমরা মনে করি** যে বিশ্বজুড়ে নারী ও মেয়েশিশুরা উল্লেখযোগ্য হারে জেন্ডার অবিচার এবং মানবাধিকার লঙ্ঘনের সম্মুখীন হচ্ছে। অবিলম্বে এ অবস্থার পরিবর্তন প্রয়োজন। আমরা জেন্ডার-ভিত্তিক সহিংসতা এবং অবিচারের শিকড় উপড়ে ফেলার মাধ্যমে এই পরিবর্তনের লক্ষ্যে কাজ করি।

আমরা নারীর অধিকার আদায়ে নারীবাদী আন্দোলনের ঐতিহাসিক সংগ্রাম এবং অর্জনকে **সম্মান করি**।

আমরা নারীবাদী সংগঠন, নেটওয়ার্ক এবং আন্দোলনের সহযোগী হিসেবে কাজ করতে **অঙ্গীকারাবদ্ধ**। আমরা নারীবাদী নেতৃত্ব, কণ্ঠস্বর এবং পরিসরকে (spaces) সম্মান করি। নারীবাদী দাবি এবং রাজনৈতিক এজেন্ডাসমূহকে আমরা সমর্থন করি।

আমরা অসম জেন্ডারভিত্তিক ক্ষমতা-সম্পর্ককে রূপান্তর বা পরিবর্তন করতে চাই। আমরা নিবর্তনমূলক (restrictive) জেন্ডার ও যৌন বিধিবিধানের প্রভাব থেকে নারী, পুরুষ এবং বৈচিত্র্যময় জেন্ডার পরিচয়ের মানুষদের মুক্ত করার চেষ্টা করি।

## ২. আমরা ইন্টারসেকশনাল নারীবাদকে গ্রহণ করি

**আমরা বুঝতে চাই** কিভাবে অন্যান্য অন্যায়ের সাথে জেন্ডার বৈষম্যের বিষয়টিও সামনে চলে আসে, যেমন সমকামী-বিদ্বেষ, হিজড়া-বিদ্বেষ, বর্ণবাদ, বয়সের কারণে বৈষম্য, প্রতিবন্ধিতার কারণে বৈষম্য, ভিনদেশীদের প্রতি বিদ্বেষ (xenophobia), শ্রেণী-বিদ্বেষ বা বিশ্বাস-ভিত্তিক এবং/অথবা ধর্মীয় বিশ্বাস বা পরিচয়ের কারণে বৈষম্য। আমরা স্বীকার করি যে মানুষ নিপীড়নের কারণে ভিন্ন ভিন্ন ভাবে প্রভাবিত বা ক্ষতিগ্রস্ত হয় এবং কিছু লোক একইসঙ্গে একাধিকভাবে ক্ষতিগ্রস্ত হয়। নিপীড়নের এ স্তরগুলি এবং ইন্টারসেকশনাল বিষয়গুলি অসামঞ্জস্যপূর্ণভাবে নারী এবং মেয়েশিশুদের, অনির্ধারিত লিঙ্গ-পরিচয়ের ব্যক্তি (gender non-conforming people), অশ্বেতাঙ্গ ব্যক্তি (people of color), প্রতিবন্ধী ব্যক্তি এবং জাতিগত সংখ্যালঘুদের উপর প্রভাব ফেলে।

**আমরা চাই** যারা বিভিন্ন ধরনের নিপীড়ন, বৈষম্য এবং অবিচারের ফলে অনেক বেশি প্রান্তিক অবস্থানে চলে গেছে তাদের কাছ থেকে দিকনির্দেশনা পেতে।

পুরুষ এবং ছেলেশিশুদেরকে ইন্টারসেকশনাল নারীবাদী লক্ষ্যগুলি অর্জনে সহায়তা এবং সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠায় দায়িত্বশীল পদক্ষেপ গ্রহণের উপায় খুঁজে বের করার জন্য উৎসাহিত করতে **আমরা কাজ করি** ।

**আমরা স্বীকার করি যে** পুরুষ এবং ছেলেদের মধ্যেও বৈচিত্র্য রয়েছে এবং তারা সবাই একইরকম ক্ষমতা এবং সুযোগ-সুবিধা ভোগ করে না।

## ৩. আমরা সকলের জন্য মানবাধিকার সমর্থন করি

আমরা মানবাধিকারের সার্বজনীন ঘোষণা (UDHR), নারীর বিরুদ্ধে সকল প্রকার বৈষম্য বিলোপ সংক্রান্ত সনদ (CEDAW), শিশু অধিকার সনদ (CRC) এবং অন্যান্য আন্তর্জাতিক মানবাধিকার দলিলের নীতিগুলি **মেনে চলি**।

সরকারকে জবাবদিহি করার জন্য অ্যাডভোকেসি করতে **আমরা প্রতিশ্রুতিবদ্ধ** যাতে তারা সকলের জন্য মানবাধিকারকে স্বীকৃতি দেয়, সমর্থন করে, প্রচার করে এবং সুরক্ষা প্রদান করে।

## ৪. আমরা পিতৃতন্ত্রকে বাধাগ্রস্ত এবং নির্মূল করার জন্য কাজ করি

**আমরা মনে করি** যে পিতৃতন্ত্র একটি নিপীড়নমূলক ব্যবস্থা যা যেকোনো সমাজের প্রত্যেকটি মানুষকে ক্ষতিগ্রস্ত করে। আমরা পিতৃতন্ত্রকে এমন একটি ব্যবস্থা হিসাবে বুঝি যা নারীত্ব বা মেয়েলি গুণাবলীর চেয়ে পুরুষত্ব বা পুরুষালী গুণাবলীর বেশি মূল্য দেয় এবং যা একজোট হয়ে পুরুষ এবং ছেলেদেরকে নারী, মেয়েশিশু এবং অনির্ধারিত লিঙ্গ পরিচয়ের ব্যক্তিদের (non-conforming people) উপর ক্ষমতা বা কর্তৃত্বের অধিকার প্রদান করে।

আমরা বিশ্বজুড়ে মানুষের ওপর পিতৃতান্ত্রিক শোষণ বন্ধ করতে **কাজ করি**। আমরা সেরকম অর্থনৈতিক মডেলের বিরোধিতা করি যা সবকিছু নিঃশেষ করে দেয় (extractive economic models), এবং মানুষের দেহ, জমি এবং জীবিকার উপর তাদের নিয়ন্ত্রণ নির্মূল করার জন্য আমরা কাজ করি। যেসব রাজনৈতিক ব্যবস্থা এসব বিশেষ সুযোগ-সুবিধা এবং ক্ষমতাকে সমর্থন করে সেগুলিকে আমরা বদলানোর চেষ্টা করি।

আমরা বিশ্বের সমস্ত মানুষের সংহতি এবং আন্তঃসম্পর্কীয় (interconnectedness) সার্বজনীন বন্ধনে **বিশ্বাস করি**। সমস্ত জীববৈচিত্র্যকে ধারণ করে সকল ধরনের মানুষের জন্য ভবিষ্যতের একটি টেকসই, সহমর্মিতা এবং সার্বিক মঙ্গলের উপর ভিত্তি করে গড়ে ওঠা সম্মিলিত আন্দোলনের অংশ হিসাবে আমরা নিজেদেরকে দেখি।

## ৫. আমরা লিঙ্গ, জেন্ডার এবং যৌনতার বৈচিত্র্য, অভিব্যক্তি এবং বৈশিষ্ট্যগুলিকে উদযাপন/উপভোগ করি (celebrate) এবং গ্রহণ করি

আমরা সমকামী নারী-পুরুষ, উভকামী,ট্রান্সজেন্ডার, আন্তঃলিঙ্গ (intersex) এবং কুইয়ার (queer) ব্যক্তিদের সমস্ত বৈচিত্র্যসহ তাদের মানবাধিকারকে **দৃঢ়ভাবে সমর্থন করি**।

আমরা যৌনতা এবং জেন্ডার পরিচয়কে জটিল, নমনীয়, বৈচিত্র্যময় এবং ফ্লুইড (fluid) বা পরিবর্তনশীল বলে **মনে করি**।

আমরা ক্ষতিকর সামাজিক নিয়মকানুন পরিবর্তনের লক্ষ্যে **কাজ করি**। এগুলো বিভিন্ন যৌন পছন্দ, জেন্ডার পরিচয় ও অভিব্যক্তি এবং যৌন বৈশিষ্ট্যের চাইতে জন্মগত লিঙ্গ পরিচয়ের মানুষ (cis-gender) এবং বিষমকামী (heterosexual) ব্যক্তিদের অধিক সুযোগ-সুবিধা দেয়।

আমরা পুরুষ, ছেলেশিশু এবং অন্য সব জেন্ডার/লিঙ্গের মানুষদের সাথে **কাজ করি** যাতে তারা সমকামিতাবিদ্বেষ এবং বিপরীতকামিতাকেই একমাত্র স্বাভাবিক বলে ধরে নেয়ার (heteronormativity) বিরুদ্ধে কথা বলে।

## ৬. আমরা বর্ণবাদ এবং এর মূল কারণগুলি নিয়ে কাজ করি

**আমরা এটা মানি** যে শ্বেতাঙ্গ আধিপত্য, ঔপনিবেশিক ও বর্ণবাদী ইতিহাস এবং ব্যবস্থার মধ্যেই আমরা বসবাস করি এবং আমরা এর অংশ। আমরা বিশ্বের যে কোনো প্রান্তে উপনিবেশবাদী, জাতীয়তাবাদী এবং জাতিগত নিপীড়নের বিরুদ্ধে অবস্থান নিই।

বিশ্বব্যাপী কৃষ্ণাঙ্গ-বিরোধিতা এবং আদিবাসী-বিরোধিতা সহ সব ধরনের বর্ণবাদকে চ্যালেঞ্জ করা জরুরি বলে **আমরা উপলব্ধি করি**।

আমরা জাতিগত ন্যায়বিচারের পক্ষে চলমান সামষ্টিক মূল্যায়ন/বিশ্লেষণ (collective reflection), শিক্ষা এবং বিভিন্ন উদ্যোগের জন্য **সুযোগ সৃষ্টি করি**।

**আমরা শুধু বর্ণবাদের বিরুদ্ধেই নই**, আমরা সক্রিয়ভাবে বর্ণবাদ-বিরোধী কাজ করি।

## ৭. আমরা বিশ্বাস করি পুরুষ এবং ছেলেশিশুদের জেন্ডার, সামাজিক এবং জলবায়ু ন্যায়বিচারকে সক্রিয়ভাবে সহযোগিতা করার সক্ষমতা রয়েছে।

আমরা আমাদের অভিন্ন মানবিকতায় **বিশ্বাসী**।

**আমরা বিশ্বাস করি** যে সকল পুরুষ এবং ছেলেশিশু, তাদের সমস্ত বৈচিত্র্যের মধ্যে থেকেও পুরুষত্বের প্রভাবশালী, নিয়ন্ত্রণকারী, প্রতিবন্ধকতা-সৃষ্টিকারী (restrictive) এবং ক্ষতিকর বৈশিষ্ট্যগুলি গভীরভাবে অনুধাবন করতে, বর্জন করতে এবং অতিক্রম করতে পারে। আমরা পিতৃতান্ত্রিক বাধাগুলি অতিক্রম করার চেষ্টা করি যাতে পুরুষ এবং ছেলেশিশুরা সমানুভূতি, সহমর্মিতা এবং শান্তি প্রতিষ্ঠায় সমর্থ হতে পারে।

**আমরা বিশ্বাস করি** নারী, মেয়েশিশু সহ সকল জেন্ডারের মানুষের অধিকার, ন্যায়বিচার, স্বাস্থ্য এবং মঙ্গলের জন্য পুরুষ ও ছেলেশিশুদের অবশ্যই কাজ করতে হবে।

**আমরা অনুধাবন করি** যে পুরুষ এবং ছেলেশিশু পিতৃতন্ত্র দ্বারা যেমন বিশেষ সুবিধাপ্রাপ্ত আবার তেমনি বিভিন্নভাবে ক্ষতিগ্রস্তও হয়। আমরা বিশ্বাস করি যে বিশ্বে জেন্ডার ন্যায্যতা প্রতিষ্ঠা হলে পুরুষ এবং ছেলেশিশু সহ প্রত্যেকেই উপকৃত হবে।

## ৮. আমাদের ব্যবস্থা, চর্চা, মূল্যবোধ এবং মানসিকতার ক্ষেত্রে ঔপনিবেশিক ধ্যানধারণা থেকে মুক্ত থাকার চেষ্টা করি

ঔপনিবেশিক, ইউরোকেন্দ্রিক এবং বিশ্বের উত্তরাংশের ক্ষমতা কাঠামো (Global-North power structures) কিভাবে বিশ্বজুড়ে বৈষম্য তৈরি করে চলেছে সেগুলো নিয়ে **আমরা প্রশ্ন করি**, তথ্য প্রকাশ করি এবং চ্যালেঞ্জ করি। আমরা এই অত্যন্ত অসম বৈশ্বিক ক্ষমতা কাঠামো এবং তাদের সহায়ক পুরুষতান্ত্রিক ধারণাগুলি রূপান্তর/পরিবর্তন করতে কাজ করি।

আমরা নিপীড়িত এবং আদিবাসী সংস্কৃতি এবং কণ্ঠস্বরের নেতৃত্ব ও প্রজ্ঞাকে **সম্মান করি**।

**আমরা এটা উপলব্ধি করি যে** বিশ্বজুড়ে জেন্ডার বৈষম্য এবং বিভিন্ন ধরনের নিপীড়ন ও বঞ্চনার (exclusion) ক্ষেত্রে ঔপনিবেশিকতার গভীর প্রভাব রয়েছে।

আমরা এমন একটি অন্তর্ভুক্তিমূলক কাঠামো প্রবর্তন এবং প্রসারের **চেষ্টা করি** যার মাধ্যমে বিভিন্ন জাতি এবং সম্প্রদায়ের মধ্যে সমানভাবে ক্ষমতার বণ্টন হবে। আমাদের কাজ এবং কাজের অর্থায়ন ঔপনিবেশিক ধ্যানধারণার ভিত্তিতে কিভাবে একটি নিপীড়নমূলক ও বঞ্চনামূলক কাঠামোর (exclusionary structures) দ্বারা পরিচালিত হয় আমরা তার গভীর বিশ্লেষণ করি। আমাদের কথা ও কাজ কিভাবে এর ক্ষতিকারক দিকগুলিকে পুনরুৎপাদন করতে পারে তা নিয়েও আমরা কথা বলি।

## ৯. আমরা বিশ্বাস করি যে রূপান্তর/পরিবর্তন নিজেদের দিয়েই শুরু করতে হবে

**আমরা মনে করি** যে আমরা বিভিন্ন নিপীড়ক ব্যবস্থার মধ্যেই বসবাস করি এবং আমরা এর অংশ। এই ব্যবস্থাকে পরিবর্তন করার অর্থ নিজেদেরকেও পরিবর্তন করা। ব্যক্তিগত পরিবর্তন সামাজিক পরিবর্তনের সাথে গভীরভাবে জড়িত।

আমরা পুরুষ ও ছেলেদের মধ্যে চলমান আলাপ-আলোচনা বা আত্ম-মূল্যায়নকে **উৎসাহিত করি**। এর মাধ্যমে তারা নিজেদের, অন্যদের এবং যেসব প্রাতিষ্ঠানিক ব্যবস্থার কারণে জটিল সামাজিক সমস্যার সৃষ্টি হয়, সেগুলি সম্পর্কে সচেতনতায় পরিবর্তন (transformative awareness) আনতে পারে।

পিতৃতন্ত্র, বর্ণবাদ, ঔপনিবেশিকতা, পুঁজিবাদ, ধর্মীয় মৌলবাদ এবং তাদের আন্তঃসম্পর্কীয় নিপীড়নমূলক ব্যবস্থার (interconnected oppressive systems) দ্বারা সৃষ্ট ক্ষতিকর দিকগুলো সম্পর্কে **সচেতন থাকতে আমরা চেষ্টা করি**। আমরা ব্যক্তিগত এবং সমষ্টিগত সহমর্মিতা (self and collective care) এবং ইতিবাচক পরিবর্তনের (healing) সুযোগ সৃষ্টি করি।

পিতৃতন্ত্র নির্মূলের কাজে আমরা নিজেদের সমস্তকিছু **নিবেদন করি** - আমাদের শরীর, আমাদের আবেগ, আমাদের মন এবং আমাদের মূল্যবোধ।

## ১০. আমরা আমাদের কথা, কাজ এবং সিদ্ধান্তের জন্য দায়বদ্ধ

আমরা সমালোচনা এবং প্রতিক্রিয়াকে স্বাগত জানাই। আমরা এগুলোকে বিবেচনায় নেয়া এবং এ থেকে শিক্ষা নেয়া, উন্নতি করা এবং জবাবদিহিমূলক উপায়ে প্রতিক্রিয়া জানাতে প্রতিশ্রুতিবদ্ধ।

আমরা জাতিগত ন্যায়বিচার (racial justice), তরুণ সম্প্রদায়, অর্থনৈতিক ও জলবায়ু ন্যায়বিচার, শান্তি, ধর্মীয় স্বাধীনতা এবং অন্যান্য আরো অনেককিছুর জন্য নারীবাদী সংস্থা, এলজিবিটিআইকিউ অধিকার গোষ্ঠী এবং বিভিন্ন

আন্দোলনের বক্তব্য শোনা, তাদের সাথে পরামর্শ এবং অংশীদারিত্ব করতে **প্রতিশ্রুতিবদ্ধ**। আমরা যেসব ক্ষেত্রে কাজ করি সেখানে এই নারীবাদী অংশীদারদের কাছে দায়বদ্ধ থাকি।

আমরা আমাদের কাজ, আন্দোলন, আচরণ, মনোভাব এবং অনুশীলন দ্বারা প্রভাবিত সম্প্রদায়, সংস্থা, অংশীদার এবং গোষ্ঠীর কাছে দায়বদ্ধ থাকার **চেষ্টা করি**। এর মধ্যে রয়েছে আমাদের নিজেদের মধ্যে এবং মেনএনগেজ অ্যালায়েন্সের নেতৃত্বের মধ্যে জবাবদিহিতা।

আমরা গণতান্ত্রিক, স্বচ্ছ এবং ক্ষমতা ভাগাভাগির প্রক্রিয়া **চর্চা করি**। আমরা বিশ্বজুড়ে অভিন্ন শক্তি/ক্ষমতা, সমতা এবং ন্যায়বিচার প্রতিষ্ঠার লক্ষ্যে দায়বদ্ধতাকে একটি মৌলিক বা গুরুত্বপূর্ণ বিষয় বলে মনে করি।